স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	শেখ ইউসুফ হারুন সচিব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ
তারিখ	:	২৩.০৯.২০১৯ খ্রি:
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা

(উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ও বিভিন্ন অধিদপ্তর হতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার আলোচ্য সূচী সভায় উপস্থাপন করেন এবং আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	APA এর বাস্তবায়ন পর্যালোচনা, আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের APA এর বাস্তবায়ন ও আইন সমূহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	০১। Allied Health Professional বিষয়ক আইনটি মন্ত্রিপরিষদের বাছাই কমিটি হতে প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের মূল কমিটিতে উপস্থাপনের নিমিত্তে প্রেরণ করতে হবে। ০২। আয়ুর্বেদিক আইনটির খসড়া এ সংক্রান্ত কমিটিকে আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। ০৩। আইন অনুবিভাগ হোমিওপ্যাথিক আইনটি চূড়ান্ত করে আগামী ৩১ অক্টোবর/ ২০১৯ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ০৪। বেসরকারী মেডিকেল কলেজ স্থাপন আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের মূল কমিটিতে উপস্থাপনের বিষয়ে নিয়মিত ফলোআপ করতে হবে। ০৫। Accreditation আইনটি এ সংক্রান্ত বৈদেশিক Exposure Visit এর অভিজ্ঞতা অর্জন করে পরবর্তীতে	প্রশাসন অনুবিভাগ/ চিকিৎসা শিক্ষা অনুবিভাগ/ উপসচিব (আইন)/ সংশ্লিষ্ট সকল

৮

			একটি সভা করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। ০৬। বিভাজিত মন্ত্রণালয়ের বিভাগ সমূহের গত বছরে প্রণিত বার্ষিক প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করে আগামী ১৫ অক্টোবরের মধ্যে এ বিভাগের প্রতিবেদন তৈরী নিশ্চিত করতে হবে। ০৭। আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে গঠিত কমিটি নির্বাচনী ইশতেহার/২০১৮ এর আলোকে এ বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম শেষ করবে।	
২।	বাজেট বাস্তবায়ন	বছরের শুরুতে বাজেট বাস্তবায়ন ত্বরান্বিত না করায় এডিপি শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমান অর্থ বছরে এডিপি শতভাগ বাস্তবায়নের বিষয়ে বছরের শুরু থেকে পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	০১। পিপিআর এবং পিপিএ যথাযথ ভাবে অনুসরণ পূর্বক স্বচ্ছতার সাথে গুনগত মান নিশ্চিত করে সকল ক্রয় প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করতে হবে। ০২। সরকারি মেডিকেল কলেজের Excursion খাতের বরাদ্দের টাকা আগামী ১৫ দিনের মধ্যে মেডিকেল কলেজ সমূহের অনুকূলে বিধি বিধানের আলোকে ছাড় করতে হবে। ০৩। রাজস্ব এবং উন্নয়ন উভয় বাজেটের জন্য খাত ভিত্তিক রেজিষ্টার চালু করতে হবে। অর্থ খরচ হওয়ার সাথে সাথে উক্ত রেজিষ্টারে বিয়োজন করতে হবে। ০৪। এ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তরের সরকারি, প্রকল্প ও বিদেশী সংস্থার পুরনো অকেজো গাড়ির তালিকা (গাড়ির নম্বর, মডেল, মেরামতযোগ্য কিনা উল্লেখপূর্বক) প্রণয়ন করে আগামী ৩০ কর্মদিবসের মধ্যে বিধিমোতাবেক পরিবহন পুলে জমা/নিলামে বিক্রি/ অকেজো ঘোষণা করার ব্যবস্থা নিতে হবে।	অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ/ উন্নয়ন অনুবিভাগ/ বাজেট অনুবিভাগ/ সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক/ উপপ্রধান

			০৫। BAFARD এবং Breast Feeding Foundation এর বিগত ০২ বছরের অর্থ কিভাবে খরচ হয়েছে তা যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত) ও উপসচিব (জনসংখ্যা-২ শাখা) যৌথভাবে তদন্ত করে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন । ৬। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিলামে বিক্রিযোগ্য গাড়ী সমূহ নিলামে বিক্রির নিমিত্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট নিলাম কমিটির সুপারিশসহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। ৭। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেরামতযোগ্য ৫টি গাড়ী জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক মেরামত করার জন্য ম্যানেজার, TEMO বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	
৩।	স্থাপনা পুন:নির্মাণ ও মেরামত	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের নির্মাণ/মেরামতের বিষয়ে পূর্বের সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয়।	০১। ৬৫৯ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুন:নির্মাণের ডিপিপি Feasibility Study এর প্রতিবেদনসহ পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও এ বিভাগের উন্নয়ন অনুবিভাগের সাথে সমন্বয় করে প্রণয়ন পূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। ০২। ৬৫৯ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রস্তুতকৃত ডিজাইনটি মাননীয় মন্ত্রীকে দেখিয়ে চূড়ান্ত করার পর মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবলোকনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ০৩। দুর্গম এলাকার কেন্দ্রগুলি পুন:নির্মাণের কাজ অগ্রাধিকার ভিত্তিতে করতে হবে।	মহাপরিচালক, অতিরিক্ত সচিব (প্রশাসন), অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সংশ্লিষ্ট সকল

			০৪। উপকূলীয় এলাকার লবনাক্ততা বিবেচনায় কেন্দ্রগুলি পুন:নির্মানের সময় প্লাস্টার এর বিকল্প হিসেবে অটোব্রিক ব্যবহার করা যায় কিনা ডিপিপি প্রণয়নের সময় সে বিষয়টি বিবেচনায় আনতে হবে। ০৫। 'বি' ক্যাটাগরির ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি মেরামত যথাযথভাবে সম্পন্নকরণ ও গুনগত মান নিশ্চিত করণের লক্ষ্যে মেরামতকালীন সময়ে সপ্তাহের শুক্র ও শনিবার উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে তদারকির ব্যবস্থা করতে হবে। ০৬। 'বি' ক্যাটাগরি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলি মেরামতের প্রাপ্ত তালিকা প্রাথমিক যাচাই-বাছাই আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে শেষ করতে হবে। ০৭। গত বছর মেরামতকৃত কোন কেন্দ্রের নাম এ বছরের তালিকায় যাতে অন্তর্ভুক্ত না হয় তা যাচাই করতে হবে। ০৮। মানিকগঞ্জ এবং পটুয়াখালী জেলার মেরামতযোগ্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলির তালিকা সংগ্রহ করে দ্রুত ব্যবস্থা নিতে হবে। ০৯। প্রতিবছর মেরামতের নিমিত্তে প্রত্যাশী সংস্থার স্বাক্ষর নিয়ে মেরামতের চাহিদাপত্র প্রস্তুত করতে হবে।	
৪।	মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের ডিপিপি প্রণয়ন	রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ডিপিপি প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	০১। গত Steering Committee এর সভার সংশোধনীসহ রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় দুটির ডিপিপি Feasibility Study-এর প্রতিবেদনসহ চূড়ান্ত করে আগামী ১ (এক) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/উন্নয়ন অনুবিভাগ

			০২। ৩টি মেডিকেল বিশ্ববিদ্যালয় এর Feasibility Study এর বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে সভা করে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। ০৩। সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জমি অধিগ্রহণের প্রাক্কলনে উপাচার্য এবং জেলা প্রশাসকের সংশোধনী পাওয়ার পর সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।	
৫।	মেডিকেল শিক্ষায় বেসিক বিষয়ের পোস্ট গ্রাজুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করা ও চিকিৎসকদের প্রণোদনা ভাতা প্রদান	মেডিকেল শিক্ষায় পোস্ট গ্রাজুয়েশন এর ক্ষেত্রে চাহিদা অনুযায়ী (Need Based) আসন সংখ্যা সুনির্দিষ্ট করা ও বেসিক বিষয়ের চিকিৎসক এবং Non- practitioner ডাক্তারদের প্রণোদনা ভাতা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	০১। উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে বেসিক সাবজেক্টের আসন সংখ্যা বৃদ্ধির জন্য প্রেষণ নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন আনার বিষয়ে প্রণীত প্রতিবেদন নিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ০২। বেসিক Subject এর চিকিৎসক এবং Non practitioner চিকিৎসকদের প্রণোদনা ভাতা প্রদানের বিষয়ে মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)/ বাজেট অনুবিভাগ
৬।	শূন্য পদে জনবল নিয়োগ	স্বাস্থ্য শিক্ষা বিভাগ ও এর অধিনস্ত অধিদপ্তরের জনবল নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়।	০১। এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর সমূহের শূন্যপদ পূরণের কার্যক্রম আগামী ১৫(পনের) দিনের মধ্যে শুরু করতে হবে। ০২। বাংলাদেশ কর্মকমিশন কর্তৃক পূরণযোগ্য ১ম ও ২য় শ্রেণীর পদসমূহের অধিযাচন পত্র কর্মকমিশনের নির্ধারিত ফরমে আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। ০৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে বিদ্যমান নিয়োগ বিধিতে আয়া পদটির পদবী “সেবা সহায়িকা” করার প্রস্তাব মাননীয় মন্ত্রীর অনুমোদন নিয়ে আগামী ০৭(সাত) দিনের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক (সকল), অতিরিক্ত সচিব, প্রশাসন/চিকিৎসা শিক্ষা অনুবিভাগ

			০৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেণীর সর্বশেষ শূন্যপদের অধিযাচনপত্র (৩৯তম বিসিএস-এ উত্তীর্ণ ডাক্তার ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার হিসাবসহ) আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়ে প্রেরণের নিমিত্ত এ বিভাগে প্রেরণ করতে হবে। ০৫। সম্প্রতি পরিবার পরিবার অধিদপ্তরের আওতাধীণ যে সকল পদ পূরণের ছাড়পত্র ইস্যু করা হয়েছে ঐ সকল পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে এবং এ বিভাগ কর্তৃক ০৩(তিন)টি পার্বত্য জেলার জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের তথ্য মহাপরিচালক পার্বত্য জেলা সমূহকে অবহিত করবেন ও নতুন কোন শূণ্য পদ থাকলে তা পূরণের নিমিত্ত ছাড়পত্রের জন্য কার্যক্রম নিবেন। ০৬। ৫ (পাঁচ) টি সরকারি মেডিকেল কলেজ, আইএইচটি ও ম্যাটস সমূহের শূন্যপদ পূরণ ও নতুন পদ সৃজনের বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) সংশ্লিষ্টদের সাথে সভা করে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন। ৭। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০০৮ সালের পর থেকে বর্তমান সময় পর্যন্ত সৃজিত পদ সমূহ সংরক্ষণের উদ্যোগ আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে গ্রহণ করতে হবে।	
৭।	বিবিধ	সভায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	০১। Sustainable Development Goals (SDG)-র লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে এ বিভাগ সংশ্লিষ্ট বিষয়গুলি নিয়ে অতিরিক্ত সচিব (জনসংখ্যা) আগামী ১৫(পনের) দিনের মধ্যে একটি ওয়ার্কসপ আয়োজনের ব্যবস্থা করবেন।	প্রশাসন অনুবিভাগ/ জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ/ উন্নয়ন অনুবিভাগ/ মহাপরিচালক

			০২। Rules of Business অনুযায়ী এ বিভাগের কার্য পুন: বন্টনের প্রস্তুতকৃত খসড়া প্রস্তাবটির বিষয়ে সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। ০৩। একটি প্রসব বান্ধব ডেলিভারি সেন্টারের জন্য আদর্শ জনবল ও যন্ত্রপাতির তথ্যাদি সংগ্রহ করে ৪৯২ টি উপজেলায় ২ টি করে প্রসব বান্ধব সেন্টার চিহ্নিত করে তা দ্রুত চালু করার জন্য প্রয়োজনীয় জনবল ও লজিস্টিক এর তালিকা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রস্তুত করতে হবে। ০৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন গর্ভবতী মা-দের সেবা সহজী করণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমূহের উদ্ভাবক বৃন্দের অংশগ্রহণে অনুষ্ঠিত কর্মশালার মাধ্যমে প্রণিত কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ০৫। বিদেশ প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত দেশের নাম, প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন ও প্রশিক্ষণসূচি (ক্লিনিকেল প্রশিক্ষণ ১ মাস মেয়াদি এবং সাধারণ প্রশিক্ষণ ১০ দিন মেয়াদি) ইত্যাদি মহাপরিচালক এবং লাইন ডাইরেক্টরদের সাথে সভা করে অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) আগামী ১ (এক) মাসের মধ্যে চূড়ান্ত করবেন। ০৬। ১৫টি সরকারি নার্সিং কলেজ ও ৪৩ টি নার্সিং ইনস্টিটিউট এর খসড়া অর্গানোগ্রাম ও নিয়োগ বিধিমালা প্রণয়ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	(সকল) লাইন ডাইরেক্টর (সকল) অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) / মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ উপসচিব (জনসংখ্যা-২)

			০৭। সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদায়নের নীতিমালা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটি গঠন করে ১৫ (পনের) দিনের মধ্যে খসড়া নীতিমালা দাখিল করবে। ০৮। মহাপরিচালক, নিপোর্ট সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকায় বর্তমান পরিবার পরিকল্পনা সেবা প্রদান পদ্ধতি পর্যালোচনা করে (আইন, বিধি-বিধান ও পদ্ধতির আলোকে) প্রতিবেদন প্রেরণ করবেন। ০৯। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকায় বর্তমান পরিবার পরিকল্পনা সেবা প্রদান পদ্ধতি পর্যালোচনার বিষয়ে একটি কনসেপ্ট নোট মহাপরিচালক, নিপোর্টকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রদান করবেন। ১০। গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার মাতৃ মৃত্যুর হার শূন্যের কোটায় নামিয়ে আনার ক্ষেত্রে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের গৃহীত উদ্যোগ সরেজমিন যাচাই করে মাননীয় মন্ত্রীর ডি ও লেটারের মাধ্যমে তা সকল মাননীয় সংসদ সদস্যকে অবহিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। ১১। সকল কর্মকর্তা ও কর্মচারীকে নিয়মিতভাবে যথাসময়ে ডিজিটাল হাজিরা দিতে হবে। ১২। মেডিকেল কলেজ সমূহের যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে Specification ও বাজার মূল্য নির্ধারণের জন্য কমিটি গঠন করতে হবে। ১৩। খুলনা বিভাগের বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়টি দ্রুততার সাথে হস্তান্তর করতে হবে।	সংশ্লিষ্ট সকল অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল

			১৪। এ বিভাগের আওতাধীন সকল স্থাপনা মেরামত ও নির্মাণের ক্ষেত্রে (ছবিসহ প্রোফাইল) মনিটরিং করার জন্য কোনো এ্যাপস তৈরি করা যায় কিনা সে বিষয়ে কার্যক্রম নিতে হবে।	অধিদপ্তর সংশ্লিষ্ট অনুবিভাগ
			১৫। নিপোর্টের আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগযোগ্য জনবল নিয়োগের প্রস্তাব এ বিভাগ হতে জরুরী ভিত্তিতে নিষ্পত্তি করতে হবে।	সংশ্লিষ্ট অনুবিভাগ

০২। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৯/১৯

(শেখ ইউসুফ হারুন)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক-৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৫.১৭-১০৪০/৯(২০) তারিখ: ৩০/০৯/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ নিপোর্ট
২। অনুবিভাগ প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৪। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। লাইন ডাইরেক্টর/ প্রকল্প পরিচালক (সকল), --
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৮। উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১০। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। টেকনিক্যাল ম্যানেজার (টেমো), মহাখালী, ঢাকা
১২। অফিস কপি

৩০/৯/১৯

(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৯৫৪৫৮২০